



মার্কেটাইল ব্যাংক পিএলসি.

নয়াবাজার শাখা, ঢাকা।

অর্থবাণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি :

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেটাইল ব্যাংক পিএলসি, নয়াবাজার শাখা, ঢাকা- এর খেলাপী ঋণ গ্রহীতা, মেসার্স এম হোসেন ট্রেডিং, স্বত্বাধিকারী: মৃত: মনির হোসেন, পিতা- আব্দুল হাকিম ওরফে মরহুম হাসমত উল্লাহ, মাতা- মোসাঃ আনোয়ারা বেগম, অফিস ঠিকানাঃ ৩২/২-এ, জিন্দাবাহার ১ম লেন, ঢাকা স্থায়ী ঠিকানাঃ গ্রাম: বরপাড়া, পোস্ট-দত্তপাড়া, থানা-লক্ষীপুর, জেলা- লক্ষীপুর এর নিকট ৩১.০৩.২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচসহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা ১২,৫৭,৯৭১.৩১ (বার লক্ষ সাতান্ন হাজার নয়শত একাত্তর টাকা একত্রিশ পয়সা) মাত্র এবং আদায়কালতক সুদ ও অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে উক্ত প্রতিষ্ঠানের ঋণের বিপরীতে এর পক্ষে স্বত্বাধিকারী: মৃত মনির হোসেন, পিতা-আব্দুল হাকিম ওরফে মরহুম হাসমত উল্লাহ, মাতা-মোসাঃ আনোয়ারা বেগম, অফিস ঠিকানাঃ ৩২/২-এ, জিন্দাবাহার ১ম লেন, ঢাকা স্থায়ী ঠিকানাঃ গ্রাম: বরপাড়া, পোস্ট- দত্তপাড়া, থানা-লক্ষীপুর, জেলা- লক্ষীপুর, কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোজারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত জমি নিলাম বিক্রয়ের লক্ষ্যে আত্মহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্রের শর্তাবলী :

১. আত্মহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে ১০.০৫.২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অঙ্কে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খুলবেন। রেজিস্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেটাইল ব্যাংক পিএলসি. নয়াবাজার শাখা, ঢাকা-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।
৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।
৪. উপরোক্ত অনুচ্ছেদ -৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে মার্কেটাইল ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন।
৫. মার্কেটাইল ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।
৬. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ সহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।
৭. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিল পত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল :

জেলা-ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রী অফিস- সাভার, মৌজা- বিরুলিয়া জে.এল.নং -সি. এস-৬৭৯, এস. এ-১৯৪, আর. এস- ১৮৪, মাঠ জরিপ- ১৮৪, সি.এস খতিয়ান নং- ২৭, এস.এ.খতিয়ান নং- ১৯, আর.এস.- ১২, আর.এস.খতিয়ান নং-৫১, মাঠ জরিপ খতিয়ান নং-৪২০৪, মিউটেশন খতিয়ান নং-৫১/কাত, জোত নং-২৪/১১, সি.এস. ও এস.এ. দাগ নং-৭০৬, আর.এস. দাগ নং-৭৭৮, মাঠ জরিপ দাগ নং-৪২০৩ এর অধীনে মোট জমির পরিমাণ ৯.০০ (নয়) শতাংশ ও অন্যান্য সকল স্থাপনাদি স্বার্থ, জমির মালিক মৃত: মনির হোসেন, পিতা-আব্দুল হাকিম ওরফে মরহুম হাসমত উল্লাহ।

সম্পত্তির চৌহদ্দী বিবরণঃ উত্তরে- রাবেয়া খাতুন, দক্ষিণে- মোঃ হোসেন আলী; পূর্বে- মো হোসেন আলী; পশ্চিমে- সরকারী রাস্তা।

পক্ষেঃ ভাইস প্রেসিডেন্ট এবং শাখা প্রধান

মার্কেটাইল ব্যাংক পিএলসি.

নয়াবাজার শাখা, ঢাকা। ফোন নং-